23

দৈনিক সংবাদ

তারিখ ... 14 OCT 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ খোলার দাবীতে মিছিল

॥ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

চট্টগ্রাম, ১৩ই অক্টোবর।– চট্টগ্রাম মেডিক্যাল কলেজ খুলে দেয়ার দাবীতে নবগঠিত মেডিক্যাল ছাত্র পরিষদ আজ সকালে ক্যাম্পাসে মিছিল বের করে। মিছিল শেষে তারা অধ্যক্ষের কাছে একটি স্মারকলিপি প্রদান করে। পরে

(শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম মেডিক্যাল

(প্রথম পৃঃ পর)

এক সমাবেশে বক্তরা কলেজ খোলার দাবীতে ব্যাপক আন্দোলন করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

মেডিক্যাল ছাত্র পরিষদ উপরোক্ত দাবীতে আগামী ২০শে অক্টোবর অবস্থান ধর্মঘট এবং ২২শে অক্টোবর অনশনের কর্মসূচী ঘোষণা করেছে।

এব্যাপারে অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, ছাত্র সংগঠনগুলোর আহবানের প্রেক্ষিতে তিনি একাডেমিক কাউন্সিলের বৈঠক আহবান করবেন এবং বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী তিনি কলেজ খুলে দেবেন।

উল্লেখ্য, গত ১৫ই সেপ্টেম্বর বিবদমান দুটি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে কলেজ বন্ধ ঘোষণা করা হয়।